


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
ক্লাইমেট চেঞ্জ ইউনিট

বেসরকারী সংস্থার প্রকল্প প্রস্তাব বিষয়ে গৃহীত সিদ্ধান্ত :

- ১) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় এনজিও অর্থায়নের ব্যবস্থাপনা দায়িত্ব পালন করবে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। ইতিপূর্বে নীতিগতভাবে অনুমোদিত ৫৩ টি এনজিও সংস্থার প্রকল্প প্রস্তাব এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী গঠিত রিভিউ কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা যাচাই এর জন্য পিকেএসএফ-কে পাঠানো হয়েছে। যাচাই-বাছাইয়ের পর পিকেএসএফ যাদেরকে সুপারিশ করবে কেবলমাত্র সে সকল এনজিও প্রতিষ্ঠানের প্রকল্প প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের জন্য কারিগরি কমিটির মাধ্যমে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের নিকট উপস্থাপন করা হবে।
- ২) পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত যে সকল বেসরকারী সংস্থার প্রকল্প প্রস্তাব রিভিউ কমিটি কর্তৃক দু'বার পরীক্ষা-নিরীক্ষা করার পরও বিবেচিত হয়নি; সে সকল প্রকল্প প্রস্তাব আর বিবেচনা করা হবে না।
- ৩) পরবর্তীতে বেসরকারী সংস্থার প্রকল্প প্রস্তাব গ্রহণ, মূল্যায়ন ও মনোনয়নের দায়িত্ব পালন করবে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

আদেশক্রমে


(মো: রাশেদুল ইসলাম)
পরিচালক (উপ-সচিব)